বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (অক্টোবর ২০২২) বিবৃতি

এ দেশের লক্ষ কোটি ভক্তকুলের প্রাণের খেলা ফুটবল। বিশ্বকাপ আসলেই ফুটবলের এই উন্মাদনা কয়েকগুন বেড়ে যায়। এই জনপ্রিয়তাকে কাজে লাগিয়ে দেশের ফুটবলকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার এখনই মোক্ষম সময়। দেশের ফুটবলকে এগিয়ে নেয়ার লক্ষ্যে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি।

দেশের ফুটবলের উন্নয়নে আমাদের তৃণমূল পর্যায়ে আরও গুরুত্বসহকারে কাজ করতে হবে। বাফুফে ও তার অঙ্গ সংস্থাগুলো দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিয়ে সামনে এগিয়ে যেতে হবে এবং ফুটবল সংশ্লিষ্ট অবকাঠামোতে আরো বেশি বিনিয়োগ করতে হবে। একা কারও পক্ষে কখনই দেশের ফুটবল উন্নয়ন সম্ভব নয়। অবশ্যই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, পৃষ্ঠপোষক প্রতিষ্ঠানসমূহ, সাংবাদিক, ক্রীড়া প্রেমী সর্বস্তরের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক সহায়তা এবং সহযোগিতা প্রয়োজন। বিশ্বের অন্যান্য দেশের মতো আমরাও করোনাকালীন প্রতিবন্ধকতা থেকে ফুটবল পুনরুদ্ধারের পথে কাজ করে যাচ্ছি। বর্তমানে বাংলাদেশের নারী ফুটবল দেশের ফুটবলের জনপ্রিয়তা বৃদ্ধির জন্য সবচেয়ে বড় ক্ষেত্র ও মাধ্যম। মেয়েদের তৃণমূল ও ঘরোয়া ফুটবল আয়োজনের প্রতি দৃঢ় প্রতিশ্রুতির মাধ্যমে আরও বেশি খেলার সুযোগ তৈরি করে দেয়াসহ অল্পবয়সে কিভাবে মেয়েদের ফুটবলের প্রতি আকৃষ্ট করা যায় তা নিয়ে আমরা কাজ করে আসছি।

বাফুফের বার্ষিক সাধারণ সভা ২০২২ঃ
সারা দেশের ডেলিগেটবৃন্দের প্রত্যক্ষ সহযোগিতায় প্রতিবছরের ন্যায় গত ২৯ অক্টোবর ২০২২ তারিখ 'বাফুফে বার্ষিক সাধারণ সভা ২০২২' সফলভাবে সম্পন্ন হয়। উক্ত সভায় সকলের সাথে স্বশরীরে কুশল বিনিময়সহ সকলের চাওয়া-পাওয়া সম্পর্কে আমরা অবগত হই। ফুটবলের উন্নয়নে জেলা ফুটবল এসোসিয়েশনের ভূমিকা অনস্বীকার্য। সকলে একসাথে ফুটবলের উন্নয়নে কাজ করলে আমরা অভিষ্ঠ লক্ষ্যে পৌছতে সক্ষম হবো।

বাফুফে একাডেমি অ্যাক্রিডিটেশন স্কিম এবং বাফুফে প্রতিনিধিদের স্টার সনদপ্রাপ্ত একাডেমি পরিদর্শনঃ
বাফুফে একাডেমী অ্যাক্রিডিটেশন স্কিমের আওতায় আমাদের তৃণমূল ফুটবলের উন্নয়নের অংশ হিসেবে আমরা সমগ্র দেশের ফুটবল একাডেমিগুলোর সাথে যোগাযোগ অব্যাহত রেখেছি। আমরা প্রতিনিয়ত এই স্কিমের আওতায় এক স্টার, দুই স্টার ও তিন স্টার পাবার ইচ্ছা পোষণকারি একাডেমিগুলো পরিদর্শন করছি এবং যাবতীয় সহযোগিতার মাধ্যমে স্টার স্বীকৃতি প্রদান করছি। আমি বিশ্বাস করি ফুটবলে উন্নয়নের জন্য দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত একাডেমিগুলোর সাথে সম্পর্ক স্থাপন করা আবশ্যক। বাফুফে একাডেমী অ্যাক্রিডিটেশন স্কিমের আওতায় আরো ৪৭টি একাডেমিকে ওয়ান স্টার সনদ প্রাপ্ত একাডেমি হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। আমি এই সকল একাডেমিগুলোর পরিচালক এবং সকল কর্মকর্তা ও প্রশিক্ষকদের সাধুবাদ জানাই কেননা তারা প্রতিনিয়ত নতুন নতুন খেলোয়াড়দের বিকাশে সহায়তা করছে এবং ফুটবলকে ভালোবেসে তারা দেশের ভবিষ্যৎ প্রজন্মকে ফুটবলের সাথে সম্পৃক্ত করার সুযোগ তৈরি করে দিচ্ছে। আমরা বাফুফের পক্ষ থেকে তাদের সার্বিক সহযোগিতা ও পরামর্শের জন্য বাফুফে প্রতিনিধিদের সংশ্লিষ্ট একাডেমিগুলোতে ধারাবাহিক ভাবে প্রেরণ করছি।

এএফসি অ-১৭ এশিয়ান কাপ কোয়ালিফায়ার্স ২০২৩ঃ

সদ্য সমাপ্ত 'এএফসি অ-১৭ এশিয়ান কাপ কোয়ালিফায়ার্স ২০২৩' এর গ্রুপের সর্বশেষ ম্যাচে বাংলাদেশ অ-১৭ জাতীয় ফুটবল দল শক্তিশালী ইয়েমেন অ-১৭ জাতীয় ফুটবল দলের বিপক্ষে পরাজিত হলেও আমি আমাদের দলের খেলা দেখে অত্যন্ত খুশি। আমি এই উদীয়মান খেলোয়াড়দের মধ্যে দুর্দান্ত সম্ভাবনা দেখেছি। আমাদের এই পারফরম্যান্স ও গতমাসে ভারতে অনুষ্ঠিত 'সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশীপ ২০২২' এ ভারতের বিপক্ষে খেলার গতি ও প্রকৃতি প্রমাণ দেয় যে এই অভিজ্ঞতাগুলি আমাদের উন্নয়নের যাত্রার জন্য প্রয়োজনীয়। আমাদের বাফুফে এলিট একাডেমীর উদীয়মান খেলোয়াড়দের নিয়ে তাদের দৈনন্দিন উন্নয়নমূলক কাজ, অনুশীলন ও বিকাশ চলমান থাকবে। আমরা ২০২৪ সালের সাফ ও এএফসি এর বয়সভিত্তিক প্রতিযোগিতার কথা মাথায় রেখে খুব শীঘ্রই চলমান প্রতিভা অন্বেষণের মাধ্যমে একটি নতুন অ-১৫ বয়সভিত্তিক দলকে একাডেমিতে অন্তর্ভুক্ত করব। চলমান এই সকল কর্মকান্ড সঠিকভাবে পরিচালনা করার জন্য বাফুফের টেকনিক্যাল ডিরেক্টর জনাব পল থমাস স্মলিসহ টেকনিক্যাল বিভাগের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের তাদের কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ জানাই।

ফিফা ট্যালেন্ট ডেভেলপমেন্ট স্কিমের অধীনে বাফুফে ট্যালেন্ট হান্ট প্রোগ্রাম ২০২২ঃ

ফিফা গ্লোবাল ট্যালেন্ট ডেভেলপমেন্ট স্কিমের অধীনে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় বাফুফে এলিট একাডেমির জন্য অনূর্ধ্ব-১৫ বয়সের খেলোয়াড় বাছাইয়ের প্রক্রিয়া চলমান রয়েছে। এবছর খেলোয়াড় বাছাইয়ের জন্য 'বাফুফে জাতীয় স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০২২', 'বসুন্ধরা গ্রুপ পাইওনিয়ার (অ-১৫) ফুটবল লীগ ২০২১-২২', ' বাফুফে অ-১৬ ফুটবল টুর্নামেন্ট ২০২১-২২' ও বাফুফে একাডেমী অ্যাক্রিডিটেশন স্কিমের আওতায় সনদপ্রাপ্ত একাডেমিগুলো থেকে খেলোয়াড় চূড়ান্ত পর্বের জন্য বাছাই করা হয়। আগামী নভেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে চূড়ান্ত বাছাই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং চূড়ান্ত পর্বের বাছাইকৃত খেলোয়াড়গণ বাফুফের এলিট একাডেমী ক্যাম্পে যোগদান করবে। আমি ফিফাকে তাদের আর্থিক সহায়তার জন্য এবং এই বাছাই প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাই।

'শেখ রাসেল দিবস ২০২২' এর উদযাপনঃ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ সন্তান শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে গত ১৮ অক্টোবর ২০২২ তারিখ 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপনের লক্ষ্যে কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে মহিলা ফুটবল খেলোয়াড়দের অংশগ্রহণে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়। প্রীতি ফুটবল ম্যাচ শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এছাড়াও পরবর্তীতে বাদ আসর মতিঝিলস্থ বাফুফে ভবন সংলগ্ন ঝিলপাড় জামে মসজিদে তার আত্মার মাগফেরাত কামনায় মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স (মডিউল-৪)ঃ

বাফুফে কোচ এডুকেশন প্রোগ্রামের অংশ হিসেবে অক্টোবরের ১৯ থেকে ২৩ তারিখ পর্যন্ত 'বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স' এর মডিউল-৪ মতিঝিলস্থ বাফুফে ভবনের কনফারেন্স রুমে সম্পন্ন হয়। বাংলাদেশের প্রফেশনাল ক্লাবগুলোর প্রশিক্ষকগনসহ সমগ্র এশিয়া ও ইউরোপের বিভিন্ন ক্লাবে কর্মরত সর্বমোট ২৩(তেইশ) জন প্রশিক্ষক প্রথমবারের মতো বাংলাদেশে আয়োজিত এই কোর্সে অংশগ্রহণ করছে। এই কোর্সটি প্রথমবারের মতো আয়োজন করা ছিল বাংলাদেশ এবং ফুটবল ফেডারেশনের জন্য একটি ঐতিহাসিক ঘটনা। আমরা আবারো বাফুফের টেকনিক্যাল ডিরেক্টর পল থমাস স্মলিকে এই কোর্স আয়োজনের জন্য ধন্যবাদ জানাই। এই পর্যন্ত কোর্সটি সম্পর্কে আমরা ভালো প্রতিক্রিয়া পেয়েছি যা দেশের ফুটবলের জন্য ইতিবাচক দিক। আরও জানতে পেরেছি যে কোর্সটিতে ২ (দুই) জন কোরিয়ান প্রশিক্ষক অংশগ্রহণ করছেন যা আবারো প্রমাণ করে এখন বাংলাদেশের ফুটবল কোচিং প্রোগ্রামগুলো দেশের গন্ডি পেরিয়ে দেশের বাইরেও নজর কাড়তে সক্ষম।

বাফুফে অ-১৮ ফুটবল লীগ ২০২১-২২ঃ

বাফুফে কর্তৃক আয়োজিত 'বাফুফে অ-১৮ ফুটবল লীগ ২০২১-২২' এ লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিমিটেড চ্যাম্পিয়ন এবং বসুন্ধরা কিংস রানার্স-আপ হওয়ায় উক্ত দু'টি ফুটবল দলকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি। আমি আশা করি ভবিষ্যতে ক্লাবগুলো নিজস্ব আবাসন ব্যবস্থায় বছরব্যাপী ক্যাম্প আয়োজনের মাধ্যমে যুব খেলোয়াড়দের প্রতিদিন নিয়মিত প্রশিক্ষণ ও বিকাশের মাধ্যমে নতুন নতুন খেলোয়াড় তৈরিতে অগ্রজ ভূমিকা পালন করবে।

বসুন্ধরা গ্রুপ সিনিয়র ডিভিশন ফুটবল লীগ ২০২১-২২ঃ

বাফুকে কর্তৃক আয়োজিত 'বসুন্ধরা গ্রুপ সিনিয়র ডিভিশন ফুটবল লীগ ২০২১-২২' এর চ্যাম্পিয়ন দল হিসেবে সমাজকল্যাণ ও ক্রীড়া সংসদ, মুগদা এবং রানার্স-আপ দল হিসেবে যাত্রাবাড়ী ক্রীড়া চক্রকে আন্তরিক অভিনন্দন ও সাধুবাদ জানাই।

************* *************